

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩০২

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطُّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, পুরো দুই হাত মাসেহ করা ওয়াজিব; যা ছেড়ে দেওয়া বৈধ নয়, তার কথা অপনোদনে হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن مَسْحَ الذِّرَاعَيْن فِي التَّيَمُّم وَاجِبٌ لَا يَجُوزُ تركه

আরবী

1302 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّد الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا بِشْرُ بْنُ مُعَادِ الْعَقَدِيُّ قَالَ: حَدَّثَنَا عُبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادِ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ الْأَعْمَشُ عَنْ شَقِيقِ بْنِ سَلَّمَةَ قَالَ: قَالَ أَبُو مُوسَى لِعَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ: لَوْ أَنَّ جُنُباً لَمْ يَجِدِ الْمَاءَ شَهْرًا لَمْ يُصِلِّ قَالَ عَبْدُ اللَّهِ: لَا قَالَ أَبُو مُوسَى: أَمَا تَذْكُرُ حِينَ قَالَ عَمَّارُ بْنُ يَاسِرٍ لعمر: يا أمير الممؤمنين أَلَا تَتَّقِي قَالَ أَبُو مُوسَى: أَمَا تَذْكُرُ حِينَ قَالَ عَمَّارُ بْنُ يَاسِرٍ لعمر: يا أمير الممؤمنين أَلا تَتَّقِي اللَّهَ أَلا تَذْكُرُ حِينَ بَعَتَنِي وَإِيَّاكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْإِبِلِ فَأَصَابَتْنِي جَنَابَةٌ فَتَمَعَّكُتُ فِي التُّرَابِ فَلَمَّا رَجَعْتُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخْبُرْتُهُ جَنَابَةٌ فَتَمَعَّكْتُ فِي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّمَا كَانَ يَكْفِيكَ أَنْ تَقُولَ هَكَذَا) وَضَرَبَ بِيدهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخْبُرتُهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخْبُرتُهُ إِلَى الْأَرْضِ وَمَسَحَ وَجْهَهُ وَكَفَيْهِ قَالَ عَبْدُ اللَّهِ: لَا جَرَمَ مَا رَأَيْتُ عُمَرَ قَنَعَ بِذَلِكَ. وَمُ مُلَ أَبُن مُوسَى: فَكَيْفَ بِهَذِهِ الْآيَةِ فِي سُورَةِ النِسَاءِ {فلم تجدوا ماء فتيمموا صعيداً وَلَا عَبْدُ اللَّهِ: إِنَّا لَوْ رَخَّصَنْنَا لَهُمْ فِي ذَلِكَ يُوشِكُ إِذَا بَرَدَ عَلَى جلِدِ طَيبُهُ أَلْمُاءُ أَنْ يَتَيَمَّمَ

قَالَ الْأَعْمَشُ: فَقُلْتُ لِشَقِيقِ: أَمَا كَانَ لِعَبْدِ اللَّهِ غَيْرُ ذَلِكَ؟ قال: لا.

الراوي: شُوِيق المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1302 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা



১৩০২. শাকীক রহিমাহুল্লাহ বলেন, "আবূ মুসা রাদ্বিয়াল্লাহু আনহু আবুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহুকে বললেন, "যদি কোন জুনুবী ব্যক্তি এক মাস পানি না পায়, সে কি সালাত আদায় করবে না?" জবাবে আবুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহু বলেন, "না।" আবূ মুসা রাদ্বিয়াল্লাহু আনহু আবারো বলেন, "আপনার কি মনে পড়ে না উমার রাদ্বিয়াল্লাহু আনহুর উদ্দেশ্যে আম্মার রাদ্বিয়াল্লাহু আনহু বলেছিলেন, "হে আমিরুল মু'মিনীন, আপনি কি আল্লাহকে ভয় করছেন না? আপনার কি মনে নেই সে সময়ের কথা যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে এবং আপনাকে উটের কাজে পাঠিয়েছিলেন অতঃপর আমি জুনুবী হয়ে যাই ফলে আমি মাটিতে গড়াগড়ি দেই। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসি এবং তাঁর কাছে ঘটনা বর্ণনা করি। তখন তিনি বলেন, "তোমার জন্য যথেষ্ট ছিল এরকম করা। এই বলে তিনি হাত জমিনে মারেন অতঃপর তাঁর মুখমন্ডল ও দুই হাতের কজি পর্যন্ত মাসেহ করেন।" তখন আবুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমি অবশ্যই মনে করি না যে, এতে উমার রাদ্বিয়াল্লাহু আনহু তুষ্ট হয়েছিলেন।"

আবূ মুসা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "তাহলে আপনি সূরা নিসার এই আয়াতটির ব্যাপারে কী করবেন? যেখানে বলা হয়েছে, { اَلَمْ تَجِدُوا مَاءً فَتَيَمَّمُوا صَعِيدًا طَيِّبًا} (অতঃপর যদি তোমরা পানি না পাও, তবে পবিত্র মাটি দিয়ে তায়াম্মুম করবে।)" (সূরা মায়িদা: ৬।) জবাবে তিনি বলেন, "যদি আমরা এই ব্যাপারে অবকাশ দেই, তবে লোকজন শরীরে পানি ঠান্ডা লাগলেই মাটি দিয়ে তায়াম্মুম করবে।"

ইমাম আ'মাশ বলেছেন, আমি শাকীককে বললাম, "আব্দুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহ্র এছাড়া আর কোন যুক্তি-প্রমাণ ছিল না?" জবাবে তিনি বলেন, "না।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৫৮-১৫৯; সহীহ মুসলিম: ৩৬৮; মুসনাদ আহমাদ: ৪/৩৬৫; সহীহ আল বুখারী: ৩৪৭; আবূ দাউদ: ৩২১; নাসাঈ: ১/১৭০; দারাকুতনী: ১/১৭৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২৭০; আবূ আওয়ানা: ১/৩০৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (আস সহীহাহ: ৩৩৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ শাক্কীক ইবনে আব্দুল্লাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন